স্মার্ট জীবনধারা


Home
14:51
Energy now
Energy today
Prepay balance
Electricity
Gas
£0.32
kW
£0.05

সূচিপত্র

শুরু করুন — পৃষ্ঠা 3

স্মার্ট পে অ্যাজ ইউ গো – জরুরী কথা — পৃষ্ঠা 4,5

ইন-হোম ডিসপ্লে — পৃষ্ঠা 6,7

এনার্জি টিপস – আপনার অর্থ ও আমাদের গ্রহকে বাঁচান — পৃষ্ঠা 8-11

এই QR কোড স্ক্যান করে আমাদের নতুন ইন্টার্যাক্টিভ অ্যাপ ডাউনলোড করুন।

এই অ্যাপে অসংখ্য তথ্য রয়েছে এবং এটি আপনার নতুন স্মার্ট মিটারকে সাহায্য ও সহায়তা সরবরাহ করে।

আপনি স্মার্টকে বেছে নেয়াতে আমরা সত্যি আনন্দিত এবং আমাদের বিশ্বাস আপনি আপনার এনার্জিকে নিয়ন্ত্রণ করে যথেষ্ট উপকৃত হবেন

আপনার নতুন স্মার্ট মিটারে স্বাগতম

এই ছোট্ট সহায়ক গেজেটটি আপনার স্মার্ট মিটারের সাথে সরাসরি সংযুক্ত থেকে আপনি যে এনার্জি ব্যবহার করছেন এবং সেটি কত খরচ করছে সে সম্পর্কে আপনাকে নিয়মিত আপডেট দেয়।*

আপনি নিজেই আপনার বাজেট সেট করতে পারেন এবং আপনার ইন-হোম ডিসপ্লে আপনি ট্র্যাকে আছেন কিনা সে সম্পর্কে আপনাকে জানাবে

আপনার ইন-হোম ডিসপ্লে কীভাবে সেরা সুবিধা দেয় সে সম্পর্কে জানুন এখানে

সংযোগ হারিয়ে গেছে?

- আপনার ইন-হোম ডিসপ্লেটি মিটারের কাছাকাছি এনে রাখুন।

ব্যাটারি ফুরিয়ে গেছে?

- আপনার ইন-হোম ডিসপ্লের প্লাগ সকেটে লাগিয়ে রাখুন। কাজ চালিয়ে যাওয়ার জন্য আপনার গেজেটের মেইন পাওয়ার পাওয়া প্রয়োজন।

রিসেট করা দরকার?

সব প্রযুক্তিগত গেজেটই মাঝে মাঝে কাজ করা বন্ধ করে দেয় এবং সেগুলোর একটু ধাক্কার দরকার হয়। এটি বন্ধ করুন, পাওয়ার সোর্স থেকে সংযোগ বিচ্ছিন্ন করুন, ব্যাটারি খুলে ফেলুন – এক মিনিট অপেক্ষা করুন - এবার এতক্ষণ যা কিছু করলেন তার ঠিক উল্টোটা করুন। অনুগ্রহ করে লক্ষ্য করুন, আপনার ব্যবহারের তথ্য দেখাতে এটি 24 ঘণ্টা পর্যন্ত সময় নিতে পারে।

এরপরও সমস্যা হচ্ছে?

আরো সমস্যা নির্ণয় ও সমাধানের টিপস পেতে আমাদের ওয়েবসাইট **edfenergy.com/smart-meters/using-a-smart-meter** দেখুন

আপনার পছন্দ.....

আপনার নতুন স্মার্ট মিটারের দুইটি মোড রয়েছে এবং আপনার অ্যাপয়েন্টমেন্ট বুক করার সময় আপনি আপনার পছন্দেরটি বেছে নিবেন।

- স্মার্ট পে অ্যাজ ইউ গো (এক্ষেত্রে আপনি আপনার ফোন বা দোকান থেকে আপনার মিটার টপ আপ করতে পারবেন)
- স্মার্ট ক্রেডিট মোড এক্ষেত্রে আপনি বিল পরিশোধ করবেন, যেমন: ডিরেক্ট ডেবিট বা সরাসরি ডেবিটের মাধ্যমে

পরের কয়েক পৃষ্ঠা কেবল পে অ্যাজ ইউ গো গ্রাহকদের জন্য। আপনি স্মার্ট ক্রেডিট গ্রাহক হয়ে থাকলে, অনুগ্রহ করে সরাসরি 6 পৃষ্ঠায় যান

* আপনার বৈদ্যুতিক তথ্যের আপডেট প্রতি 30 সেকেন্ড পর পর এবং গ্যাসের তথ্যের আপডেট প্রতি 30(প্রায়) মিনিট পর পর দেখানো হয়।

স্মার্ট ‘পে অ্যাজ ইউ গো’-তে স্বাগতম!

আপনাকে সাথে পেয়ে আমরা খুবই আনন্দিত।

আপনার নতুন অ্যাকাউন্ট কখন তৈরি হবে তা আপনাকে আগামী কয়েক দিনের মধ্যে ইমেইল বা টেক্সটের মাধ্যমে জানানো হবে। এরপরই সময় হবে টপ আপ করার। ভাববেন না, আমরা আপনার অ্যাকাউন্ট সেট করার সময়ও আপনার সাপ্লাই চালু থাকবে।

আপনার আগের মিটারে এখনো ব্যালেন্স আছে? আমরা সেটি স্বয়ংক্রিয়ভাবে স্থানান্তর করব, সাধারণত মাত্র 48 ঘণ্টার মধ্যেই। কখনো কখনো এটি করতে 10 দিন পর্যন্ত সময় লাগতে পারে। এটি সম্পন্ন হলে আমরা আপনাকে জানাব।

টপ আপ

আপনার ডিভাইসের EDF অ্যাপ বা MyAccount এর সাহায্যে, আপনি:

- আপনার ব্যালেন্স দেখতে পারেন এবং টপ আপ করতে পারেন
- সহজে পেমেন্ট করার জন্য আপনার কার্ডের বিস্তারিত তথ্য সংরক্ষণ করতে পারেন
- স্বয়ংক্রিয় টপ আপ এবং কম ব্যালেন্সের জন্য অ্যালার্ট সেট করতে পারেন

একদম সহজ – শুধু App Store বা Google Play থেকে EDF অ্যাপ ডাউনলোড করে নিন। অথবা আপনার নতুন অ্যাকাউন্ট নম্বর ব্যবহার করে edfenergy.com/myaccount-এ লগ ইন করুন। এখনো নিবন্ধন করেননি? এটা করতে মাত্র কয়েক মিনিট লাগবে।

টপ আপ করার অন্যান্য উপায়

0333 009 7111^ নম্বরে বা আপনার Top Up কার্ড বা কেবল আপনার Top Up আইডি ব্যবহার করে আমাদের স্বয়ংক্রিয় ফোন লাইনে কল করুন

আপনাকে সংযুক্ত রাখে: আমাদের স্মার্ট মিটারে রয়েছে গ্রাহক বান্ধব পদ্ধতি। এর মূল অর্থ হলো আপনি “নিয়মিত কর্মঘণ্টার বাইরের সময়” বা পরবর্তী কার্যদিবসের আগ পর্যন্ত আপনার সাপ্লাই হারাবেন না। আপনার মিটার পরের বার টপ আপ করার সময় এটি পরিশোধ করতে পারবেন।

আপনার ক্রেডিট কীভাবে ব্যয় হয়: এটি আপনার ব্যবহৃত এনার্জি, দৈনিক স্ট্যান্ডিং চার্জ এবং যেকোনো ঋণ পরিশোধের জন্য অর্থ প্রদান করে

বাইরে যাচ্ছেন? আপনার অ্যাপ্লায়েন্স(যেমন আপনার ফ্রিজার) চালু রাখার মতো যথেষ্ট ক্রেডিট রয়েছে তা নিশ্চিত করুন। আমাদের অ্যাপ ডাউনলোড করুন, তাহলে আপনি যেকোনো জায়গায় থেকে টপ করতে পারবেন। অথবা আপনি বাইরে যাওয়ার আগেই টপ আপ করুন।

আর কোনো বিল নয়: আপনি আর বিল পাবেন না, কিন্তু আপনি MyAccount এর মাধ্যমে আপনার টপ আপের ইতিহাস দেখতে পারবেন।

যদি আপনার ঋণ থাকে: আপনি ‘পে অ্যাজ ইউ গো’ ব্যবহার করে আপনার যেকোনো আউটস্ট্যান্ডিং ঋণের অর্থ পরিশোধ করতে পারেন। আমরা আপনার পেমেন্টগুলো সময়কাল ও পরিমাণে ভাগ করে দিই যা আপনি সুদ ছাড়াই বহন করতে পারেন।

আরো সাহায্য প্রয়োজন? অনলাইনে edfenergy.com/payg ঠিকানায় যান, যেখানে আপনি ভিডিও FAQ সহ আরো অনেক সহায়তা পাবেন

^ আপনার কাছে থাকা যে কোনো ইনক্লুসিভ কল প্ল্যানে যুক্তরাজ্য জুড়ে সকল নম্বরে কল অন্তর্ভুক্ত রয়েছে। যদি আপনার কোনো ইনক্লুসিভ কল প্ল্যান না থাকে, তাহলে কলের চার্জ জাতীয় রেটে কাটা হবে। আপনি নিশ্চিত না হলে, অনুগ্রহ করে আপনার পরিষেবা সরবরাহকারীর সাথে কথা বলুন

আপনার ইন-হোম ডিসপ্লে ব্যবহার করে স্মার্ট ‘পে অ্যাজ ইউ গো’

আপনার ইন-হোম ডিসপ্লে হোম স্ক্রিনে আপনার বর্তমান ক্রেডিট ব্যালেন্স দেখাবে। আপনার বিদ্যুৎ ব্যালেন্সের আপডেট প্রতি কয়েক সেকেন্ড পর এবং গ্যাস মিটারের আপডেট প্রতি 30 মিনিট পর পর দেখাবে






কম ক্রেডিটের জন্য আল্যার্ট

আপনার ইন-হোম ডিসপ্লে হোম স্ক্রিনে সতর্কবার্তা দেখাবে।

জরুরী ক্রেডিট দরকার? আপনি কোনো কারণে টপ আপ করতে না পারলে, এটি আপনার মিটারে জমা হয়। আপনি পরের বার টপ আপ করার সময় এটি পরিশোধ করবেন। আপনার ক্রেডিট ব্যালেন্স £1 বা তার কম থাকলে, এটি সক্রিয় করতে পারেন। আপনার ইন-হোম ডিসপ্লের মেনুতে জরুরী ক্রেডিট (প্রতি ফুয়েলের জন্য £10) পেয়ে যাবেন

টপ আপ কাজ করেনি? যদি আপনার বৈদ্যুতিক মিটারে ক্রেডিট না পৌছায়, সেক্ষেত্রে আপনি Unique Transaction Reference Number (UTRN) ব্যবহার করে সেটি আপনার ইন-হোম ডিসপ্লেতে ম্যানুয়ালভাবে যোগ করতে পারেন, এই নম্বরটি আপনার টপ আপ রসিদে, নিশ্চিতকরণ মেসেজে বা MyAccount এর টপ আপ হিস্ট্রিতে পেয়ে যাবেন।

GEO IHD স্ক্রিন



Chameleon IHD স্ক্রিন



গ্যাস মিটারের ক্ষেত্রে, আপনার UTRN কীভাবে সরাসরি মিটারে দিতে হয় তা জানতে **edfenergy.com/myutrn** ঠিকানায় যান

সাপ্লাই বিচ্ছিন্ন হয়ে গিয়েছে? আপনার বৈদ্যুতিক সাপ্লাই পুনরায় সংযুক্ত করার জন্য প্রথমে টপ আপ করুন, এরপর ইন-হোম ডিভাইসের মেনু থেকে “সাপ্লাই সক্রিয় করুন” অথবা “সাপ্লাই সক্ষম করুন” নির্বাচন করুন

আপনার মিটারে গ্যাস সাপ্লাই পুনরায় সংযুক্ত করতে **edfenergy.com/payg** ঠিকানায় যান, যেখানে আপনি সহায়ক FAQ (প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নাবলী) পাবেন

আপনার Geo Trio II ইন-হোম ডিসপ্লে



1 সিগন্যাল ক্ষমতা

আপনার ইন-হোম ডিসপ্লে মিটারের যথেষ্ট কাছে আছে কিনা তা দেখায়।

2 এনার্জি নাউ

'এনার্জি নাউ' স্ক্রিন দুইটি অংশে বিভক্ত, বাম পাশের স্ক্রিনে বিদ্যুতের এবং ডান পাশের স্ক্রিনে গ্যাসের খরচ দেখানো হয়।

কেবল উপলভ্য এনার্জি টাইপগুলো দেখানো হবে - যেমন: আপনার কোনো গ্যাস স্মার্ট মিটার না থাকলে, গ্যাসের শিখা দেখানো হবে না।

3 এনার্জি টুডে

আপনি আজ পর্যন্ত কত খরচ করেছেন তা দেখুন, এবং যদি আপনি কোনো বাজেট সেট করে থাকেন, তাহলে বাজেটের বিপরীতে আপনি কতটুকু খরচ করেছেন তা দেখুন।

গত সপ্তাহের একই দিনে আপনার ব্যবহারের উপর ভিত্তি করে, আপনি আজ বাজেটের মধ্যে থাকবেন কিনা তার পূর্বাভাস দেওয়া হবে। আপনি এনার্জি ব্যবহার করার সাথে সাথে বাইরের বৃত্তটি পূর্ণ হয়ে যায় এবং আপনি বাজেটের কাছাকাছি পৌঁছে গেছেন কিনা বা বাজেট অতিক্রম করছেন কিনা সে ব্যাপারে সতর্ক করে।

4 কস্ট ডিসপ্লে

আপনার খরচ দেখায়। £/hr (ডিফল্ট) বা এনার্জি kW এর মধ্যে পরিবর্তন করতে 'নির্বাচন' বোতাম ব্যবহার করুন।

5 কন্ট্রোল প্যানেল

আপনার ইন-হোম ডিসপ্লে নেভিগেট করতে এটি ব্যবহার করুন।

6 ট্রাফিক লাইট

আপনি এই মুহূর্তে কী পরিমাণ এনার্জি ব্যবহার করছেন তা দেখায়। সবুজ মানে খুবই ভালো। অ্যাম্বার অর্থ আপনি কয়েকটি জিনিস চালু রেখেছেন। লাল অর্থ কোনো একটা জিনিস বন্ধ করার সময় হয়েছে!

আপনার Chameleon 3 ইন-হোম ডিসপ্লে



1 সিগন্যাল ক্ষমতা

আপনার ইন-হোম ডিসপ্লে মিটারের যথেষ্ট কাছে আছে কিনা তা দেখায়।

2 ব্যাটারি

আপনার ইন-হোম ডিসপ্লের প্লাগ সকেটে লাগিয়ে রাখতে এবং এতে চার্জ রাখতে ভুলবেন না। ব্যাটারির সংকেত দুইটি। একটি 'লো ব্যাটারি' দেখায়, অন্যটি 'মেইনস কানেক্টেড' কিনা দেখায়। একই সময়ে একসাথে দুইটিকে দেখানো হবে না।

3 বাজেট মেকার

আপনি দিনে সর্বোচ্চ কত খরচ করতে চান তা দেখায়।

4 কস্ট ডিসপ্লে

আপনার খরচ দেখায়। আগের দিনের খরচে স্ক্রল করে ফিরে যাওয়ার জন্য, কন্ট্রোল প্যানেলের তীর চিহ্নগুলো ব্যবহার করুন। খরচ নিচের ডিসপ্লেতে (kWh) দেখানো হয়। আপনি কী পরিমাণ এনার্জি ব্যবহার করছেন তা দেখার সময় এটি পরিবর্তিত হবে।

5 বাজেট ডায়াল

আপনার দৈনন্দিন বাজেটের কতটুকু ব্যবহার করেছেন তা দেখুন।

6 ফুয়েল ভিউ

আপনার বিদ্যুৎ খরচ, গ্যাস খরচ – অথবা দুটোই দেখুন।

7 কন্ট্রোল প্যানেল

আপনার ইন-হোম ডিসপ্লে নিয়ন্ত্রণ করতে এটি ব্যবহার করুন।

8 ট্রাফিক লাইট

আপনি এই মুহূর্তে কী পরিমাণ এনার্জি ব্যবহার করছেন তা দেখায়। সবুজ মানে খুবই ভালো। অ্যাম্বার অর্থ আপনি কয়েকটি জিনিস চালু রেখেছেন। লাল অর্থ কোনো একটা জিনিস বন্ধ করার সময় হয়েছে! মনে রাখবেন, আপনার ইন-হোম ডিসপ্লে আপনার জন্য কোনটি স্বাভাবিক তা জানতে কয়েক দিন সময় নেয় – তাই সামনের সপ্তাহগুলোতে আপনার ট্রাফিক লাইট আপনাকে কী কী দেখাচ্ছে তার দিকে লক্ষ্য রাখুন।

সেভ স্মার্ট

নিচের দ্রুত ও সহজ টিপগুলো অনুসরণ করে আপনি বছরে প্রায় £300 বাঁচাতে পারেন। সবচেয়ে বড় কথা, এগুলোর জন্য আপনার এক পয়সাও খরচ হবে না।

আপনি আপনার এনার্জি কীভাবে ব্যবহার করছেন তা সঠিকভাবে জানতে এবং টাকা বাঁচানোর টিপস পেতে, MyAccount এর EnergyHub এ এনরোল করুন

£95

শাওয়ারে এক মিনিট সময় কম ব্যয় করুন এবং একটি অ্যারেটেড শাওয়ার হেড লাগান

£30

আপনার থালা-বাসন খোলা ট্যাপের নিচে না ধুয়ে, একটি পানিপূর্ণ বোলে নিয়ে ধুয়ে ফেলুন

£5

কেবল কাপড়ের পরিমাণ বেশি হলেই ওয়াশিং মেশিনে কাপড় ধোন এবং কাপড় ধোয়ার সময় তাপমত্রা 30° সেলসিয়াসে রাখুন

£30

টাম্বল ড্রায়ারের পরিবর্তে কাপড় শুকানোর র্যাক ব্যবহার করুন



£13

ঘর থেকে বেরুনোর সময় ঘরের বাতি নিভিয়ে দিন

রাতে আপনার পর্দা বন্ধ করুন এবং কাপড় দিয়ে রেডিয়েটার ঢেকে দেওয়া এড়িয়ে চলুন

£80

আপনার থার্মোস্ট্যাটের মাত্রা এক ডিগ্রি কমিয়ে রাখুন

£30

বৈদ্যুতিক অ্যাপ্লায়েন্স ও চার্জার স্ট্যান্ডবাই করে ফেলে রাখবেন না

এই আনুমানিক বার্ষিক সঞ্চয় এনার্জি সেভিংস ট্রাস্ট ওয়েবসাইট থেকে প্রাপ্ত। এগুলো গড়ে তিন বেডরুমের সেমি-ডিটাচড বাড়ির উপর ভিত্তি করে তৈরি। আপনি যদি আরো জানতে চান তাহলে ভিজিট করুন energysavingtrust.org.uk।

ইকো স্মার্ট

যদি এই দেশের প্রত্যেকের ঘরে একটি স্মার্ট মিটার থাকে, তাহলে আমরা ম্যানচেস্টার, কার্ডিফ ও অ্যাবারডিনের প্রত্যেক বাড়িতে পুরো এক বছর জুড়ে সরবরাহ করার মতো পর্যাপ্ত শক্তি সংরক্ষণ করতে পারব। তাই আপনার আন্তরিক প্রচেষ্টার জন্য অনেক ধন্যবাদ।

এনার্জি সাশ্রয়ের ব্যবস্থা সংক্রান্ত সাহায্য

আপনার বাড়িতে এনার্জি কর্মদক্ষতার ব্যবস্থা ইনস্টল করতে আপনাকে সাহায্য করতে আপনি বরাদ্দ প্রাপ্তির যোগ্য হতে পারেন। ইনসুলেশন ও নিম্ন কার্বন হিটিং বিকল্পগুলোর বিষয়ে পরামর্শ পেতে edfenergy.com/smartheating ঠিকানায় যান।

£200

একটি নতুন এনার্জি সাশ্রয়ী বয়লার নিয়ে আসুন

£145

ক্যাভিটি ওয়াল ইনসুলেশন 640 কেজি পর্যন্ত কার্বন বাঁচাতে পারে

A+++ এনার্জি সাশ্রয়ী অ্যাপ্লায়েন্সগুলো পুরো জীবনকাল জুড়ে 580 কেজি পর্যন্ত কার্বন বাঁচাতে পারে

হিট পাম্পের মতো অত্যধিক সাশ্রয়ী হিটিং বিকল্পগুলো প্রায় 2 টন কার্বন বাঁচাতে পারে

স্মার্ট স্টোরেজ হিটারগুলো বছরে £390 পর্যন্ত সাশ্রয় করতে পারে*

*https://www.dimplex.co.uk/sites/default/files/Running_Cost_Report_2014.pdf



£130

আপনার লফট ইনসুলেট করুন এবং 50 কেজি পর্যন্ত কার্বন বাঁচান

£110

A-রেট যুক্ত ডাবল গ্লেজিং স্থাপন করুন

£75

থার্মোস্ট্যাটিক ভালভের জন্য আপনার রেডিয়েটর ভালভ সোয়াপ করুন

£35

LED বা এনার্জি-সেভিং লাইট বাল্ব ব্যবহার করুন

এই আনুমানিক বার্ষিক সঞ্চয় এনার্জি সেভিংস ট্রাস্ট ওয়েবসাইট থেকে প্রাপ্ত। এগুলো গড়ে তিন বেডরুমের সেমি-ডিটাচড বাড়ির উপর ভিত্তি করে তৈরি। আপনি যদি আরো জানতে চান তাহলে ভিজিট করুন energysavingtrust.org.uk।

https://energysavingtrust.org.uk/advice/air-source-heat-pumps/ - 4 বেডের বাড়ির উপর ভিত্তি করে

হাতের কাছেই অতিরিক্ত সহায়তা আছে সেটি জেনে রাখা ভালো

প্রায়োরিটি সার্ভিস

আমরা সবকিছু কতটা জয় করেছি সেটি কোনো ব্যাপার নয় – মাঝে মাঝে আমাদের সবারই একটু অতিরিক্ত সাহায্যের দরকার হয়। এবং এখানে EDF এ, আমরা নিশ্চিত করতে চাই এটি কোথায় খুঁজতে হবে তা আপনি জানেন। তাই যদি আপনি বিল বা আপনার অর্থ পরিচালনা নিয়ে চিন্তায় থাকেন, আপনার যোগাযোগগুলো বড় প্রিন্ট, সিডিতে বা ব্রেইল আকারে পেতে চান, বা কোনো সুবিধা মিস করছেন না সে ব্যাপারে নিশ্চিত হতে চান, তাহলে আপনাকে সাহায্য করার জন্য আমরা সবসময় পাশে আছি।

আমাদের আরো প্রায়োরিটি সার্ভিস খুঁজে পেতে এবং নিবন্ধন করতে **edfenergy.com/ps** ঠিকানায় যান বা **0800 269 450** (মিনিকম **0800 096 2929**) নম্বরে আমাদের কল করুন। সোম থেকে শুক্রবার সকাল ৪টা থেকে রাত ৪টা এবং শনিবার সকাল ৪টা থেকে রাত 2টা পর্যন্ত লাইন খোলা থাকে।

Citizens Advice থেকে স্বতন্ত্র পরামর্শ

সারা দেশ জুড়ে আমাদের গ্রাহকদের তাদের অর্থ পরিচালনার বিষয়ে স্বতন্ত্র পরামর্শ দেওয়ার লক্ষ্যে আমরা Citizens Advice Plymouth এর সাথেও কাজ করছি। আপনি যে কোনো মোবাইল ফোন থেকে 0808 223 1133, বা 0300 330 0519 নম্বরে তাদের কল করতে পারেন।

আপনার পুরাতন মিটারের রিডিং – কেবল তথ্যের জন্য:

	বৈদ্যুতিক মিটারের বিবরণ	গ্যাস মিটারের বিবরণ
MPAN / MPRN		
রেট 1		
রেট 2		
রেট 3		
রেট 4		
ক্রেডিট ব্যালেন্স:		
ডেবিট ব্যালেন্স:		

আমি পরামর্শ পেয়েছি এবং আমার ইনস্টলার আমাকে একটি কার্ড দেখিয়েছেন,যাতে সকল সংবেদনশীল সরঞ্জাম বন্ধ রাখার পরামর্শ দেওয়া হয়েছে। হ্যাঁ (অনুগ্রহ করে টিক চিহ্ন দিন)	

গ্রাহকের স্বাক্ষর:	তারিখ:

smart meters
Join the energy revolution

Smart Energy GB হলো দেশ জুড়ে স্মার্টমিটারের পরিচয় তুলে ধরার জন্য জাতীয় ক্যাম্পেইন পরিচালনার লক্ষ্যে সরকার কর্তৃক প্রতিষ্ঠিত একটি স্বতন্ত্র সংস্থা। সবার জন্য স্মার্ট মিটার বিষয়ক প্রয়োজনীয় তথ্যের প্রাপ্যতা নিশ্চিত করতে, এটি EDF সহ সকল এনার্জি সরবরাহকারীদের পাশাপাশি কাজ করছে। আরো জানতে smartenergyGB.org এ যান।

EDF এনার্জি, EDF Energy Customers Ltd এর একটি ট্রেডিং নাম, রেজি নং 02228297 নিবন্ধিত অফিস 90 Whitfield Street, London, W1T 4EZ, ইংল্যান্ড ও ওয়েলসে নিবন্ধিত।

R1201.11.21.V8